

সাইবার কাফে এসোসিয়েশান অফ ইন্ডিয়া



“প্রত্যেক মাসে আপডেট করিয়ে নাও”

নভেম্বর, ২০০৯

প্রিয় শুভানুধ্যায়ীগণ,

আমরা আনন্দের সাথে প্রকাশ করছি সাইবার কাফে এসোসিয়েশান অফ ইন্ডিয়ার প্রথম নিউজ লেটার (CCAIOI), যেখানে থাকবে সমস্ত রকমের সর্বশেষ ঘটনাবলী ও খবরা-খবর এবং সাইবার কাফের উন্নতির জন্যে নানান রকমের তথ্য। আমাদের এই পরিবারটি ক্রমশ বেড়ে উঠছে এবং আমরা আমাদের পরিবারের সকলের প্রতি সমান ভাবে সচেতন ও দায়বদ্ধ। এখন আমরা ভারতের ১,৮০,০০০ সাইবার কাফের এবং ৫০,০০০ সি এস সি র মুখপত্র এবং আমাদের সদস্য সংখ্যা দিনে দিনে উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি পাচ্ছে।

এই নিউজ লেটার আমাদের চারিপাশে অহরহ ঘটে যাওয়া নানান ধরনের ঘটনা ও খবরা-খবরের বিষয়ে আমাদের জানাতে এক অগ্রণী ভূমিকা নেয়। আমাদের অভিস্ট লক্ষ্যে উপনীত হবার জন্যে আপনাদের একান্ত সক্রিয় সহযোগিতা, যোগদান ও পরামর্শ কামনা করছি।

শুভেচ্ছান্তে,

অমিতা চৌধুরী
ডাইরেক্টর, CCAIOI

CCAIOI তাদের সদস্যদের জন্যে বিনামূল্যে আইনি সহায়তা বিভাগ শুরু করেছে



সদস্যদের বিনামূল্যে আইনি সহায়তা দেবার জন্যে CCAIOI ফ্রী আইনি সহায়তা বিভাগ খোলার কথা ঘোষণা করেছে। এখন থেকে সব সদস্যরাই তাদের ব্যবসার ক্ষেত্রে আইনি বিষয়ে কোনো ধরনের জটিলতার সম্মুখীন হলেই সাহায্য পাবে। এই বিষয়ে CCAIOI আইনি বিশেষজ্ঞদের সাথে ইতিপূর্বেই যোগাযোগ করেছে। এই আইনি সহায়তা বিভাগের দ্বারা সদস্যরা সাইবার আইন সম্বন্ধে সব রকমের জ্ঞান আহরণ করতে পারবে।

CCAIOI মাতৃ ভাষার উন্নতিকল্পে অগ্রণী ভূমিকা নেয়

ওয়ার্ল্ড ওয়াইড ওয়েবে ভারতবর্ষের মাতৃ ভাষার উন্নতিকল্পে, CCAIOI, সিডিএসিকে এবং ডিপার্টমেন্ট অফ ইনফরমেশন টেকনোলজি, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া কে সহায়তা করবার জন্যে হাত বাড়িয়ে দিয়েছে।

সাইবার কাফে / সিসিএসসি এবং সাধারণ ব্যবহারকারীগণ এখন থেকে ২২ টা ভাষায় উপলব্ধ ফ্রী মাতৃভাষা সফটওয়্যার এই লিঙ্ক থেকে <http://ccaioi.in/UI/links/FreeLanguageSoft.php> ডাউনলোড করে তার উপকারিতা লাভ করতে পারবে যেটা আমাদের ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে।

এখন থেকে CCAIOI হলো APIRA র সদস্য



সাইবার কাফে এসোসিয়েশান অফ ইন্ডিয়া গর্বের সাথে এশিয়া প্যাসিফিক ইন্টারনেট রিসার্চ এল্যাসেন্সের (APIRA) সদস্যপদ ঘোষণা করেছে। APIRA হলো একটা স্বতঃস্ফূর্ত সংগঠিত ও অলাভজনক প্রতিষ্ঠান যা যোগাযোগ ব্যবস্থাকে বিস্তৃত রূপ দেয় ও এশিয়া-প্যাসিফিক অঞ্চলের ইন্টারনেট তথ্য এবং অনুসন্ধানের ক্ষেত্রে এক অগ্রণী ভূমিকা গ্রহণ করে। এই আলোচনাচক্রে ভারতে ইন্টারনেট বিষয়ের সাথে যুক্ত যেকোনো তথ্যই আলোচনা করা যেতে পারে। CCAIOI এখন APIRA দ্বারা পরিচালিত সংখ্যাতত্ত্ব বিবরণী এবং নিরীক্ষণ করার ক্ষেত্রে এক বড় ভূমিকা নেওয়ার জন্যে প্রস্তুত আছে।

ব্যাংগালোর সাইবার সিকিউরিটি সামিট - ২০০৯ উন্নীত করা

CCAOI “ব্যাংগালোর সাইবার সিকিউরিটি সামিট - ২০০৯ - ন্যাশন্যাল কনফারেন্স অন সাইবার সিকিউরিটি”, ব্যাংগালোরে অবস্থিত ব্যাংগালোর এবং কর্নাটকের সাইবার কাফের উন্নতিকল্পে এক সক্রিয় ভূমিকা নেয়, যেটা আয়োজন করে দি ডিপার্টমেন্ট অফ **IT, BT** এবং **S & T**, কর্ণাটক সরকার ৮ ও ৯ ই অক্টোবর, ২০০৯, এই কনফারেন্সে উত্থাপন হয় ডাটা প্রটেকশান, **IPR** ম্যানেজমেন্ট, সাইবার সন্ত্রাস প্রতিরোধ, সাইবার ফরেনসিক, সিকিউরিটি এবং সাইবার কাফেতে গোপনীয়তা সংক্রান্ত বিষয় ইত্যাদি।

CCAOI সাইবার কাফে / সিএসসির ক্ষেত্রে সর্বোত্তম অভ্যাসের জন্য একটা হ্যান্ডবুক চালু করেছে

সর্বোত্তম অভ্যাসের ক্ষেত্রে একটি গাইড বুকের অনুপস্থিতি ভারতীয় সাইবারকাফের সমাজে বিশেষ ভাবে পরিলক্ষিত হয়। এই ধরনের বিফলতাকে চাকবার জন্য, **CCAOI** সাইবারকাফের / সিএসসির ক্ষেত্রে সর্বোত্তম অভ্যাসের জন্য একটি বই সংকলন করেছে। এই বইটি সাইবারকাফে মালিকদের সর্বোত্তম অভ্যাসের ক্ষেত্রে এক বিশেষ আলোর দিশা দেখাবে যাতে তারা তাদের ব্যবসার প্রসার আরো বৃদ্ধি করতে পারে। এর দ্বারা সাইবারকাফে মালিকগন গ্রাহকদের সাথে সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে লাভজনক সাহায্য পেয়ে থাকে। এই প্রকাশনাটি আমাদের ওয়েবসাইটে ইংরেজী, হিন্দী, তামিল ও বাংলাতে পাওয়া যাচ্ছে।

CCAOI মৈত্রী বন্ধনে যুক্ত হয়েছে Cleartrip.com এর সাথে



একাধিক অনলাইন ট্রাভেল এজেন্সী যেমন ক্লীয়ারট্রিপ ও মানুষের ভ্রমণ এবং অবকাশ যাপনের সাথে সামঞ্জস্য রেখে তাদের চিন্তাধারায় পরিবর্তন এনেছে। ক্লীয়ারট্রিপ হলো এমন একটি প্রথমসারির অনলাইন ভ্রমণ সংস্থা যারা ট্রাভেল এবং ট্যুরিজম ক্ষেত্রে এক যথাযথ স্থান ধরে রাখতে পেরেছে। CCAOI ক্লীয়ারট্রিপের সাথে এক মৈত্রী বন্ধনে যুক্ত হয়ে তাদের সদস্যদের কোনো ধরনের “অতিরিক্ত বিনিয়োগ” ছারাই আয়ের সুবর্ণ সুযোগ করে দিয়েছে।

মাসের উদ্ধৃতি

“এই সংগঠকটি একটি প্রকৃতপক্ষে প্রয়োজনীয় এবং বাস্তব সন্মত ভিত্তিক। যখন সে কোনো কিছু সুশরিকল্পিত ভাবে চিন্তা করে ও সেই ধারণাকে মনের মধ্যে ফুটিয়ে তোলে, তখন সে জানে যে কি ভাবে সঠিক মাত্রায় সেটিকে বাস্তব সন্মত রূপ দিতে হয়।”

- Robert L Schwartz

খুব শীঘ্রই চালু হবে

সাধারণ ভারতীয়দের উপকারের জন্য, আমরা খুব শীঘ্রই আনছি :

ফ্রী স্পোকেন ইংলিশ কোর্স

এডভ্যান্স ভার্নাকুলার সফটওয়্যার এবং আরো অনেক

কপিরাইট © ২০০৯ CCAOI দ্বারা - সমস্ত স্বত্ত্ব সংরক্ষিত

সাইবার কাফে এসোসিয়েশন অফ ইন্ডিয়া

C - 427B, Sushant Lok, Phase 1, Gurgaon – 122002. +91 124 4047508

অন লাইনে আমাদের সাথে যোগাযোগ করুন : www.ccaoi.in

যে কোনো ধরনের মতামত/পরামর্শ থাকলে ইমেইল করুন : info@ccaoi.in